



তথ্যবিবরণী

নম্বর-০৬৬

## রাজশাহীতে বিশ্ব ডাক দিবস উদযাপিত

রাজশাহী; ২৪ আশ্বিন (০৯ অক্টোবর):

আজ (০৯ অক্টোবর) বিশ্ব ডাক দিবস। রাজশাহীতে দিবসটি উদযাপনে পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয় এবং এর বিভিন্ন ইউনিট নানা কর্মসূচি পালন করেন। কর্মসূচির মধ্যে রয়েছে র্যালি, আলোচনা সভা, পুরস্কার বিতরণী ও স্মারক ডাকটিকিট প্রদর্শনী। এবারের ডাক দিবসের প্রতিপাদ্য 'ওয়ান ফিফটি ইয়ারস অব এনার্জিং কমিউনিকেশন এন্ড ইমপাওয়ারিং পিপলস এক্রোস ন্যাশনস'।

বিকেলে পোস্টমাস্টার জেনারেলের কার্যালয়ে অনুষ্ঠিত আলোচনা সভা ও পুরস্কারবিতরণী অনুষ্ঠানে প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন পোস্টমাস্টার জেনারেল কাজী আসাদুল ইসলাম।

প্রধান আলোচক বলেন, ডাক বিভাগ তথ্য পরিবহণের অতি পুরাতন মাধ্যম। মানুষের জীবনের সুখ-দুঃখ, আনন্দ-বেদনার অনেক স্মৃতি এই ডাক বিভাগের সাথে জড়িয়ে আছে। বর্তমানে পোস্ট অফিসগুলোতে ডিজিটাল সেবা চালু হওয়ায় গ্রাহকদের আগ্রহ বেড়েছে। ডিজিটাল প্রযুক্তির মাধ্যমে ভিআইপি সার্ভিস, ডিএমএস, আন্তর্জাতিক পার্সেল সার্ভিসসহ নানাবিধ ডিজিটাল সেবা দিচ্ছে পোস্ট অফিসগুলো। এছাড়া ডাক জীবন বীমা ভবিষ্যৎ পারিবারিক নিশ্চয়তার প্রতীক হিসেবে কাজ করে যাচ্ছে।

ডাক বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদের উদ্দেশে প্রধান আলোচক আরও বলেন, জনসাধারণকে সেবা প্রদানের ক্ষেত্রে আরও বেশি যত্নশীল হতে হবে। গ্রাহক পর্যায় থেকে কোনো অভিযোগ আসলে সেগুলো অতি দ্রুত সমাধানের উদ্যোগ গ্রহণ করতে হবে। সকল ক্ষেত্রে শুদ্ধাচারী হতে হবে।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন উত্তরাঞ্চল রাজশাহীর অতিরিক্ত পোস্টমাস্টার জেনারেল ড. মোহাম্মদ জিয়াউর রহমান। সভা শেষে শ্রেষ্ঠ কর্মকর্তা-কর্মচারীদের হাতে সম্মাননা স্মারক প্রদান করা হয়।

.....  
তৌহিদ/আতিক/আরিফ/আলীম/হালিম/১৯:৩০ঘ.